

## **া** সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৯১

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ২৪. লি'আনকারীণী স্ত্রী'র পত্রের মীরাছ সম্পর্কে

باب فِي مِيرَاثِ ابْنِ الْمُلاعَنَةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا حَسَنُ عَنْ أَبِي سَهْلِ عَنْ الشَّعْبِيِّ قَالَ قَالَ عَلِيٌّ فِي ابْنِ الْمُلَاعَنَةِ تَرَكَ أَخَاهُ لِأُمِّهِ وَأُمَّهُ لِأَخِيهِ السُّدُسُ وَلِأُمِّهِ التُّلُثُ ثُمَّ يُرَدُّ عَلَيْهِمْ فَيَصِيرُ لِلْأَخِ التُّلُثُ وَلِلْأُمِّ التُّلُثُ اللَّمِّ عَلَيْهِمْ فَيَصِيرُ لِلْأَخِ التُّلُثُ وَلِلْأُمِّ التُّلُثَانِ وَقَالَ ابْنُ مَسْعُودٍ لِأَخِيهِ السُّدُسُ وَمَا بَقِيَ فَلِلْأُمِّ

## বাংলা

২৯৯১. শা'বী (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, লি'আনকারীণী স্ত্রীলোকের পুত্রের মীরাছ যে বৈপিত্রেয় ভাই ও তার মাকে রেখে মৃত্যু বরণ করেছে, তার সম্পর্কে আলী রাদ্বিয়াল্লাছ আনহু বলেন, তার ভাই পাবে এক ষষ্ঠাংশ, মা পাবে এক তৃতীয়াংশ; অত:পর তাদের উভয়কে ('রদ' তথা) পুনরায় দেওয়া হবে। তখন তার ভাইয়ের অংশ হয়ে যাবে এক তৃতীয়াংশ, আর মাতার হয়ে যাবে দুই তৃতীয়াংশ। আর ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাছ আনহু বলেন, তার ভাই পাবে এক ষষ্ঠাংশ, মা পাবে অবশিষ্ট সমুদ্য সম্পদ।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, আবী সাহল মুহাম্মদ বিন সালিমের দুর্বলতার কারণ।

তাথরীজ: সাঈদ ইবনু মানসূর নং ১১৯; বাইহাকী, ফারাইয ৬/২৫৮; ইবনু আবী শাইবা ১১/২৪১ নং ১১৩৮৩ অজ্ঞাত সন্দে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন